

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থ বিভাগ

নং ০৭.১৪২.০০.০০.০০১৩.১৫-৬৫

তারিখ: ০২ জানুয়ারি ২০১৭ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

৫ (পাঁচ) টাকা মূল্যমানের নূতন কারেন্সি নোট ইস্যু।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ৫ (পাঁচ) টাকা মূল্যমানের কারেন্সি নোটটি ভিন্ন রং ব্যবহার করে নূতনভাবে মুদ্রণ করা হয়েছে যা আগামী ০৫-০১-২০১৭ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিস হতে ইস্যু করা হবে। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিসেও নোটটি পাওয়া যাবে।

জনাব মাহবুব আহমেদ, সিনিয়র সচিব অর্থ বিভাগ স্বাক্ষরিত ৫ (পাঁচ) টাকা মূল্যমানের নূতন কারেন্সি নোটটি হালকা বেগুনী রং এ মুদ্রণ করা হয়েছে। কারেন্সি নোটটির সামনের অংশে বাংলাদেশের জাতীয় স্মৃতিসৌধ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতি এবং পিছনের অংশে নওগাঁর কুসুম্বা মসজিদ এর ছবি রয়েছে। নূতনভাবে মুদ্রিত এ নোটের উভয় পিঠের উপরের অংশে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার' লেখা এবং পিছনের অংশে ডানদিকে বাংলাদেশের জাতীয় প্রতীক (National Emblem of Bangladesh) রয়েছে। কারেন্সি নোটটির আকার, জলছাপ, ডিজাইন ও অন্যান্য সকল নিরাপত্তা বৈশিষ্ট্য বর্তমানে প্রচলিত থাকা নোটের অনুরূপ। নূতন মুদ্রিত কারেন্সি নোটের পাশাপাশি বর্তমানে প্রচলিত থাকা ৫ (পাঁচ) টাকা মূল্যমানের নোট এবং ধাতব মুদ্রাও চালু থাকবে।

মফিজ উদ্দীন আহমেদ  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৪১৯)

মূল্য : টাকা ৪.০০